গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০০০.০০৩.১১.০১০৬.২৫- ৫৪৬ তারিখঃ ২৫/০৯/২৫খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর রাজস্ব খাতভুক্ত নিম্নেবর্ণিত স্থায়ী/অস্থায়ী শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতা শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://npo/teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন(Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে নাঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী<br>গ্রেডঃ-১২ (১১৩০০-২৭৩০০/-) | ১৮-৩২ বৎসর | স্থায়ী-০৫(পাঁচ)টি<br>অস্থায়ী-০৬(ছয়)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, সমাজ বিজ্ঞান, গণিত, সমাজকর্ম, মার্কেটিং, ব্যাংকিং, ফিন্যান্স বা সমাজকল্যান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) অথবা সমমানের ডিগ্রি। |
| ০২ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেডঃ ১৩ (১১০০০-২৬৫৯০/-) | -ঐ- | অস্থায়ী-০২(দুই)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ০৩ | সহকারী গ্রন্থাগারিক<br>গ্রেডঃ-১৩ (১১০০০-২৬৫৯০/-) | -ঐ- | স্থায়ী-০১(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী অথবা যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি। |
| ০৪ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেডঃ-১৪ (১০২০০-২৪৬৮০/) | -ঐ- | স্থায়ী-০৪(চার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ০৫ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেডঃ ১৬ (৯৩০০-২২৪৯০/-) | -ঐ- | স্থায়ী-০৫(পাঁচ)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ০৬ | বিল করণিক<br>গ্রেডঃ ১৬ (৯৩০০-২২৪৯০/-) | -ঐ- | স্থায়ী-০১(এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭ | টেলিফোন অপারেটর<br>গ্রেডঃ ১৬ (৯৩০০-২২৪৯০/-) | -ঐ- | স্থায়ী-০১(এক) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮ | অফিস সহায়ক<br>গ্রেডঃ-২০ (৮২৫০-২০০১০/) | -ঐ- | স্থায়ী-০৭(সাত)টি<br>অস্থায়ী-০৪(চার)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**বিঃদ্রঃ গত ২২-০১-২০২০ তারিখের ৩৬.১০.০০০০.০০৩.১১.০৫৬.১৬.৬৫ নং স্মারকের এবং ১১-০৪-২০২৩ তারিখের ৩৬.১০.০০০০.০০৩.১১.০৯২.২০-২১৪ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(১) আবেদনকারীর বয়স পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। এসএসসি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে শূন্য পদ পূরণের ক্ষেত্রে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩ অনুসরণ করা হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করা হবে।

(৩) চাকুরির আবেদন ফরমে (Applicant's Copy) প্রার্থীর অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য বিবেচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার কোন সুযোগ থাকবে না।

(৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে (প্রযোজ্য ক্ষেত্রে) মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

(৫) নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(৬) মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ, পূরণকৃত Applicants Copy, প্রবেশপত্রসহ সকল কাগজপত্রের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি দাখিল করতে হবে। এছাড়া, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(৭) আবেদনকারী বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর স্থলে প্রশাসক/ ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

(৮) প্রার্থীর যোগ্যতা যাচাইঃ প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৯) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন।

(১০) লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

(১১) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(১৩) বিজ্ঞাপনে উল্লেখিত পদ/ পদসমূহে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি/ কোটাপদ্ধতি অনুসরণ করা হবে।

(১৪) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এতদসংক্রান্ত বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(১৫) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলীঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https:/npo.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৮ সেপ্টেম্বর, ২০২৫ সকাল ১০.০০ টা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮ অক্টোবর, ২০২৫ বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে sms এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Applicants Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১৮/-টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১৬৮/-(একশত আটষট্টি) টাকা এবং ২, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/-টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/-(একশত বার) টাকা ও ৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা এবং সকল গ্রেডে (অনগ্রসর নাগরিক) এর জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: NPO ‹space› User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NPO ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK. 150/100/50 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NPO ‹space› YES ‹space› PIN and send to 16222.

দ্বিতীয় SMS: NPO ‹space› YES ‹space› PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: NPO YES 12345678
Reply: Congratulations: Applicant's Name, payment completed successfully for NPO Application for (post name) User ID is (ABCDEF) and password (XXXXXXX)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://npo.teletalk.com.bd ওয়েবসাইট এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলেঃ NPO‹space›Help‹space›User‹space›User ID & Send to 16222
Example: NPO Help User ABCDEF & Send to 16222
(ii) PIN Number জানা থাকলে: NPO‹space›Help‹space›PIN‹space›PIN Number & Send to 16222
Example: NPO Help PIN 12345678 & Send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর ওয়েবসাইট www.npo.gov.bd এ (বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য) দেখা যাবে। টেলিটকের জবপোর্টাল https//alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.npo.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে ০১৫৫৭-৭৬৮০০৫ নম্বরে অথবা টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs query@teletalk.com.bd, asa@npo.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk- এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: NPO, Post Name, Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৫/০৯/২৫

মোঃ নূরুল আলম
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
ফোনঃ ২২৩৩৮২৮৮৩
dg@npo.gov.bd